দৈনিক সৃজনী
সৃজনশীল সংবাদের অভিযাত্রী
দিনাজপুর, বর্ষ-১ম, সংখ্যা-১৪৪, ১ ডিসেম্বর, ২০১৯ ইং, রোববার, ১৬ অগ্রহায়ন ১৪২৬, ৩ রবিউস সানি



# দিনাজপুরের প্রান্তিক কৃষকদের দিনব্যাপী প্রশিক্ষন প্রদান সম্পন্ন

*স্টাফ রিপোর্টার ।* দিনাজপুরে গম ও ভুট্টার আধুনিক উৎপাদন প্রযুক্তির উপর কৃষকদের প্রশিক্ষন কর্মশালা এবং বিনামূল্যে কৃষি উপকরণ বিতরন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গতকাল শনিবার সকালে দিনাজপুরের চিরিরবন্দর উপজেলার চাম্পাতলী দেবিগঞ্জের ফতেজংপুর গ্রামে কৃষকদের মাঠ পর্যায়ে প্রশিক্ষনের আয়োজন করে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট। প্রশিক্ষনে কৃষকদের যন্ত্রের মাধ্যমে গম ও ভুট্টা বপনসহ আধুনিক নানা পদ্ধতি সম্পর্কে ধারনা প্রদান করা হয়।

কৃষক মসলেম উদ্দীনের সভাপতিত্বে প্রশিক্ষন উদ্ভোধনী অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কৃষি প্রকৌশল বিজ্ঞানী ও বাংলাদেশ গম ও ভুট্টা গবেষনা ইনষ্টিটিউটের মহাপরিচালক ড. মো: এছরাইল হোসেন। বিশেষ অতিথি ছিলেন, গবেষক ও কৃষি অর্থনীতিবিদ গম ও ভুট্টা গবেষনা ইনষ্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো: আবদুল আউয়াল।

প্রশিক্ষনার্থী কৃষকদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বল্প খরচে অল্প সময়ে অধিক ফলন পাওয়া সম্ভব। তিনি বলেন, কৃষক বান্ধব বর্তমান সরকারের প্রচেষ্টা হচ্ছে কৃষকরা যাতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গম এবং ভুট্টা চাষে অধিক ফলন ঘরে তুলে নিজেরা লাভবান হতে পারে। সরকার কৃষকদের ভাগ্যের

শেষের পাতায় দেখুন

## দিনাজপুরের প্রান্তিক

উন্নয়নে সারাদেশের কৃষিখাতের বিভিন্ন ক্ষেত্রে ধারাবাহিক ভাবে ভর্তকি দিয়ে যাচ্ছে।

দিনাজপুরের মাটি গম ও ভুট্টা চাষের উপযোগী হওয়ায় আধুনিক প্রযুক্তি ব্যবহার করতে শিখলে এখান তেকে অধিক ফসল পাওয়া সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষনা ইনষ্টিটিউটের দিনাজপুরের সার্বিক ব্যবস্থাপনায় জেলার ১০৫ বিঘা জমিতে গম এবং ৩০ বিঘা জমিতে ভুট্টা চাষের লক্ষে স্থানীয় কৃষকদের মাঝে বারি গম ৩৩ জাতের ৪০০ কেজি, বারি গম ৩২ জাতের ৩৫০ কেজি, বারি গম ৩০ জাতের ৪২০ কেজি, বারি গম ২৯ জাতের ২৯০ কেজি এবং বারি ভুট্টা ৯ জাতের ১২০ কেজি বীজ বিতরন করা হয়েছে।

এছাড়াও কৃষকদের চাষাবাদে সহায়তার লক্ষে ৩ হাজার ৪০ কেজি, টিএসপি ২ হাজার ৩০০ কেজি, এমওপি ১ হাজার ৮৭০ কেজি, জিপসাম ১ হাজার ৯৫৭ কেজি, দস্তা সার ২১৯ কেজি, বরিক এসিড ১১০ কেজি এবং ফুরাডান ২১৯ কেজি সার কৃষকদের মাঝে বিতরন করা হয়।

বৈজ্ঞানিক কর্মকর্তা ড মো: নুর আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে কৃষকদের মাঝে বক্তব্য রাখেন সোনাপুকুর গ্রামের দেবেন্দ্র নাথ, ফতেজংপুর গ্রামের এনামুল হক ও জিকরুল ইসলাম।

এর আগে প্রধান অতিথি প্রশিক্ষনার্থীদের নিয়ে স্থানীয় কৃষকের জমিতে আধুনিক পাওয়ার টিলার অপারেটেড সীডার (পিটিওএস) বীজরোপন মেশিনের সাহায্যে গমের বীজ রোপনের কার্যক্রম পরিদর্শন করেন।

প্রশিক্ষনে ৬০ জন কৃষক অংশগ্রহন করে । প্রশিক্ষন শেষে কৃষকদের মাঝে সার, বীজসহ বিভিন্ন কৃষি উপকরন বিনা মূল্যে বিতরন করা হয়।